



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী

সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

Web: www.dewbn.com, email: dewltdbd@yahoo.com

দরপত্র বিজ্ঞপ্তি

ফাইল নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৬.৫৯৯

তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২৬ইং

অত্র প্রতিষ্ঠানে ডকিং সেকশনের আওতাধীন পুরাতন রেল লাইন সোজা করে ব্যবহার উপযোগী করার নিমিত্তে তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদার এবং অত্রহী অন্যান্য ঠিকাদারদের নিকট হতে সীলমোহরকৃত খামে নিম্নে উল্লেখিত তারিখে সীমিত দরপত্র আহবান করা যাচ্ছে।

০১।	বিক্রয়কারী প্রতিষ্ঠানের নাম	ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
০২।	বিক্রয়্যতব্য মালামালের বিবরণ	অত্র প্রতিষ্ঠানে ডকিং সেকশনের আওতাধীন পুরাতন রেল লাইন সোজা করে ব্যবহার উপযোগী করার কাজ।
০৩।	দরপত্রের নথি নং	০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৬.৫৯৯
০৪।	তারিখ	১৪ সেপ্টেম্বর ২০২৬ইং
০৫।	বিক্রয়ের প্রক্রিয়া	সীমিত দরপত্রের মাধ্যমে
০৬।	দরপত্র সংগ্রহের শেষ তারিখ	২২ সেপ্টেম্বর ২০২৬ সকাল ১০:০০ ঘটিকা পর্যন্ত
০৭।	দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময়	২২ সেপ্টেম্বর ২০২৬ সকাল ১২:১৫ ঘটিকা
০৮।	দরপত্র খোলার তারিখ ও সময়	২২ সেপ্টেম্বর ২০২৬ সকাল ১২:৩০ ঘটিকা
০৯।	দরপত্র প্রাপ্তি স্থান	ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর বাণিজ্যিক শাখায়
১০।	দরপত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নাম	ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
১১।	দরপত্র খোলার প্রতিষ্ঠানের নাম	(১) ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বন্দর, নারায়ণগঞ্জ। (২) দরদাতা এবং অনুমোদিত প্রতিনিধি দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারবেন। (৩) টেন্ডার জমা দেওয়ার সময় সর্বমোট টাকার উপর ৩% আর্নেস্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর নামে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফলভাবে কার্য শেষ করার পর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না। (তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারদের জন্য প্রযোজ্য নহে)।
১২।	টেন্ডার ডকুমেন্টের মূল্য	ফ্রি সরবরাহ
১৩।	যোগাযোগের মাধ্যম	মোবাইলঃ ০১৬১৫৫১৯৮৭০, ০১৭৬৯৭১৯৮৮৮
১৪।	দরপত্রের সহিত যে সেকল কাগজপত্র জমা প্রদান করিতে হইবে।	(১) ঠিকাদারী লাইসেন্স, ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি, পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি। (তালিকাভুক্ত সরবরাহকারী/ ঠিকাদারদের ক্ষেত্রে প্রযোজ্য নহে)। (২) তালিকাভুক্ত সরবরাহকারী/ঠিকাদারগণ অত্র প্রতিষ্ঠানের তালিকাভুক্তের পত্র সংযুক্ত করতে হবে।
১৫।	বিশেষ জ্ঞাতব্যঃ	ক। দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী দরপত্র সংগ্রহকালে বাণিজ্যিক শাখা হতে জানা যাইবে। খ। দরপত্র খোলার তারিখ হতে ৩০ দিন পর্যন্ত দরপত্র বলবৎ থাকবে। গ। ভ্যাট এবং আয়কর উল্লেখ ব্যতীত কোন দরপত্র গ্রহণ যোগ্য হবে না। ঘ। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করতে হবে। ঙ। দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতীত দরপত্র সংশোধন/গ্রহন বাতিলের ক্ষমতা রাখেন। চ। অফিস চলাকালীন সময় সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত সিডিউল ক্রয়কারী প্রতিষ্ঠানের সর্বোচ্চ ০৩(তিন) সদস্য সমন্বয় প্রতিনিধি দল ডকিং সেকশনের কর্তব্যরত কর্মকর্তা/ কর্মচারীদের মাধ্যমে উল্লেখিত পুরাতন রেল লাইন সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

পক্ষে বকুলেশ্বর কুমার
Commander BN
DGM (Admin)
Dockyard & Engineering Works Ltd.
Bangladesh Navy, Narayanganj.



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ

বাংলাদেশ নৌবাহিনী

সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

Email: commercial@dewbn.gov.bd, Web: www.dewbn.gov.bd

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ

দরপত্র (সীমিত)

দরপত্র অনুসন্ধান নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২৬-২৭.৫৯৯

তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২৬ ইং

ডকুমেন্ট বিক্রয় মূল্য বিনা মূল্যে _____ ফ্রি

মেসার্স _____

অত্র প্রতিষ্ঠানে বহিঃসংস্থার সাহায্যে ডকিং সেকশনের পুরাতন রেল লাইন সোজা করে ব্যবহার উপযোগী করণ প্রসঙ্গে।

চুক্তির শর্ত

আমি/আমরা উপরে উল্লেখিত কাজের জন্য টেন্ডার জমা দিচ্ছি এবং নিচে বর্ণিত চুক্তির যাবতীয় শর্ত মেনে চলার অঙ্গীকার করছি :

১। দরপত্র বন্ধের তারিখ ও সময় :

দরপত্র গ্রহণ করার সময় - ১২:১৫ বেলা তারিখ ২২ সেপ্টেম্বর ২০২৬

২। দরপত্র জমা দেওয়ার স্থান : ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর গেটে রাখা টেন্ডার বক্সে।

ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, নারায়ণগঞ্জ এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বাক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে। দরপত্র ডাক যোগে পাঠানো যেতে পারে তবে তাহা নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে টেন্ডার খামে জমা হতে হবে।

৩। দরপত্র খোলার তারিখ এবং সময় : উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনীত প্রতিনিধি, যদি কেউ উপস্থিত থাকেন, তাদের সম্মুখে দরপত্র বন্ধের পর ১২:৩০ সময় তারিখে ২২ সেপ্টেম্বর ২০২৬ ইং খোলা হবে।

৪। দরপত্র সীলিং এবং মার্কিং :

ক। দরপত্র ডবল ইনভেলোপের ভিতর এবং বাহিরে উভয়ের উপরে সীল মোহর সহ ম্যানেজিং ডাইরেক্টর, ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, বিএন, সোনাকান্দা, নারায়ণগঞ্জ এই ঠিকানায় দাখিল করতে হবে।

খ। বাইরের ইনভেলোপে টেন্ডার নং, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে। ভিতরের ইনভেলোপে দরপত্র প্রেরকের পুরা নাম, ঠিকানা এবং টেলিফোন নং লিখতে হবে যাতে দেরিতে প্রাপ্ত এবং অগ্রহণযোগ্য দরপত্র প্রেরকের নামে ফেরৎ পাঠানো যেতে পারে।

গ। যদি বাইরের ইনভেলোপে উক্ত নিয়মকানুন মোতাবেক যথোপযুক্ত সীল এবং সম্বোধন না থাকে তাহলে দরপত্র খোয়া যাওয়া বা সময়ের পূর্বে খোলার জন্য ক্রেতা দায়ী থাকবে না।

ঘ। কাজের বিবরণে দরের পরিমান কোম্পানীর নিজস্ব প্যাডে উল্লেখ করতে হবে।

মোস্তফা কামাল
কমান্ডার বিএন
ডিজিএম (এডমিন)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌ বাহিনী, নারায়ণগঞ্জ।

৫। কাজের স্পেসিফিকেশনঃ ডকিং সেকশনের আওতাধীন বিভিন্ন সাইজের রেল লাইন ৬১'৬" ফুট সোজা করে ব্যবহার উপযোগী করার কাজ।

৬। কাজের তদারকিঃ কাজ চলাকালে যে কোন সময় ভারপ্রাপ্ত প্রকৌশলী তা তদারকি করতে পারবেন। সৃষ্টিকার্যদিবস চলাকালীন সময়ে বা পূর্বের অনুরোধ সাপেক্ষে যে কোন সময়ে ঠিকাদার সূয়ং বা তার কোন দায়িত্বশীল প্রতিনিধি, ভারপ্রাপ্ত প্রকৌশলীর নিকট হতে আদেশ এবং নির্দেশ গ্রহণের জন্য বা কাজের পরিমাণ জানার জন্য প্রস্তুত থাকবে।

৭। জামানতের টাকাঃ টেন্ডার জমা দেওয়ার সময় ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর নামে সম্পূর্ণ মূল্যের উপর ৩% আর্নেস্ট মানি হিসাবে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফলভাবে কার্য শেষ করার পর জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে এবং এই জামানত টাকার উপর কোন সুদ দেওয়া হবে না। (তালিকভুক্ত সরবরাহকারি/ঠিকাদারদের জন্য প্রযোজ্য নহে)।

৮। কাজ শুরু এবং শেষ করার সময়ঃ কার্যাদেশ পাওয়ার তারিখ হতে ০৩(তিন) দিনের মধ্যে অবশ্যই কাজ শুরু করতে হবে এবং কাজ শুরুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কাজ শেষ করতে হবে। যদি ঠিকাদার নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করতে না পারেন তাহলে ক্ষতির দায়দায়িত্ব এর জন্য কাজের সর্বমোট মূল্যের ০.৫০% হিসাবে প্রতিদিন দেরির জন্য টাকা কর্তন করা হবে। ঠিকাদার যদি কাজের শুরু থেকে সন্তোষজনক অগ্রগতি না দেখাতে পারেন তাহলে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ আংশিক বা সম্পূর্ণ কার্যাদেশ বাতিল করতে এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন। এসব ক্ষেত্রে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ কর্তৃক ঠিকাদারের ক্ষতির কোন রকম দাবি গ্রাহ্য করা হবে না।

৯। সময় বাড়ানোঃ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ ঠিকাদারের নিকট থেকে কাজের সময় বাড়ানোর জন্য সংগত কারণসহ লিখিত আবেদন পাইলে অথবা কোন অনিবার্য কারণ বসতঃ যেমন (কাজের পরিমাণ বাড়ানো হইলে বা কাজের মধ্যে কোন পরিবর্তন হইলে অথবা কোন প্রাকৃতিক বা রাজনৈতিক কারণে) নিজেদের বিবেচনা অনুসারে কাজ শেষ করার সময়সীমা বাড়াইতে পারবেন।

১০। পেমেন্ট পদ্ধতিঃ ডকিং সেকশনের আওতাধীন পুরাতন রেল লাইন সোজা করার কাজ সন্তোষজনক ভাবে সম্পন্ন হলে ঠিকাদার বিল দাখিল স্বাপেক্ষে উক্ত কাজের পার্ট বিল পরিশোধ করা হবে।

১১। কাজ সমাপ্ত সার্টিফিকেটঃ কাজ শেষ করার পর ঠিকাদার নিজ দায়িত্বে কাজের এলাকা পরিষ্কার করবেন অতপর ভারপ্রাপ্ত প্রকৌশলী ঠিকাদারকে এই মর্মে সার্টিফিকেট দিবেন যে, ঠিকাদার সন্তোষজনকভাবে কাজ শেষ করেছেন এবং কাজের জায়গা পরিষ্কার করেছেন।

১২। কাজের অনুক্রম (প্রোগ্রাম)ঃ কার্যাদেশ পাওয়ার পর ঠিকাদার ভারপ্রাপ্ত প্রকৌশলীর নিকট একটি সিডিউল দাখিল করবেন এবং তা অবশ্যই ভারপ্রাপ্ত প্রকৌশলীকে দিয়ে অনুমোদন করে নিবেন।

১৩। ক্ষতি বা দুর্ঘটনার জন্য খেসারতঃ কাজ করার সময় যদি ঠিকাদারের নিজের, তার কর্মচারীর বা শ্রমিকের কোন রকম দুর্ঘটনা ঘটে তার জন্য ঠিকাদার সম্পূর্ণ দায়ী থাকবেন। এ সমস্ত দুর্ঘটনাজনিত খেসারত, যা যা প্রচলিত আইনানুসারে ক্ষতিগ্রস্ত দাবিদারের প্রাপ্য তা ঠিকাদারকে পরিশোধ করতে হবে। কাজ চলাকালে কাজের কারণে কোন দুর্ঘটনা হলে তার পূর্ণ দায়িত্ব ঠিকাদারের উপর বর্তাবে। এছাড়া ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ এর বা কোন তৃতীয় ব্যক্তির কোন জিনিস খোয়া/হারানো গেলে সেই ধরনের ক্ষতির পরিমাণ এবং দায়ী ব্যক্তি তদন্ত সাপেক্ষে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ বা কোন আদালত দ্বারা নির্ধারিত হবে। উল্লেখিত ক্ষতির জন্য ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ অথবা আদালত কর্তৃক ঠিকাদারকে দায়ী করা হলে ঠিকাদার ক্ষতি পূরণের সমস্ত দায়দায়িত্ব গ্রহণ করবেন এবং ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষকে সম্পূর্ণ দায়মুক্ত রাখবেন।

১৪। ঠিকাদার কোন ধরনের শৃঙ্খলা/ আইন/ রাষ্ট্র বিরোধী কার্যকলাপ/ সাজাপ্রাপ্ত, পলাতক আসামী ইত্যাদি নিয়োজিত করতে পারবেন না।

১৫। ভারপ্রাপ্ত প্রকৌশলী যদি ঠিকাদারের কোন লোককে যে কোন কারণে অত্র প্রতিষ্ঠানে কাজের জন্য অনুপযুক্ত বা অবাঞ্ছিত মনে করেন, তাহা হলে ঠিকাদার উক্ত ব্যক্তিকে অত্র প্রতিষ্ঠানের কাজে নিয়োগ করতে পারবেন না।

১৬। ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, নারায়ণগঞ্জ কর্তৃপক্ষ নিজেদের বিবেচনানুসারে কাজের পরিমান বাড়াতে বা কমাতে, পরিবর্তন/ রূপান্তর করতে বা কাজের যে কোন আইটেম বাদ দিতে পারবেন। এসব ক্ষেত্রে কাজ কম/ বৃদ্ধির আনুপাতিক হার হিসাব করে ঠিকাদারের সাথে আলোচনা মাধ্যমে নতুন দর/ মূল্য নির্ধারণ করা হবে।

১৭। নির্মাণ/ মেরামত কাজের জন্য প্রয়োজনীয় পানি/বিদ্যুৎ/ মেশিনারিজ সরবরাহ ঠিকাদারকে নিজ খরচে বহন করতে হবে। প্রয়োজন অনুসারে বিকল্প ভাবে অত্র প্রতিষ্ঠান হতে নির্ধারিত দরে (বিদ্যুৎ বিভাগের দর + ১৫%) ব্যবহার করা যাবে।

১৮। ডকিং সেকশনের পুরাতন রেল লাইন সোজা করার কাজের সকল যন্ত্রপাতি (যদি প্রয়োজন হয়) ঠিকাদার নিজ খরচে সরবরাহ ও পরিচালনার ব্যবস্থা করবেন।

১৯। কাজের ব্যাপারে কোন মতবিরোধ দেখা দিলে সে ক্ষেত্রে অত্র প্রতিষ্ঠান প্রধান (এমডি মহোদয়) মতামতই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং তা ঠিকাদার মেনে নিতে বাধ্য থাকবেন।


২০। অত্র প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্রের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশে উল্লেখিত দর বৃদ্ধির দাবি গ্রহণযোগ্য হবে না এবং ঠিকাদার তার প্রস্তাবিত দরের উপর ভিত্তি করে প্রদত্ত কার্যাদেশের অধীনে সমস্ত কাজ শেষ করবেন। এই দরপত্রের সঙ্গে সংযুক্ত Specification এ বর্ণিত সমস্ত কাজ ঠিকাদার কর্তৃক প্রস্তাবিত দরে সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে ঠিকাদারকে অবশ্যই তার উদ্ধৃত দর/মূল্য বহাল থাকার সময়সীমা উল্লেখ করতে হবে।

২১। ঠিকাদারকে কার্যস্থল পরিদর্শন পূর্বক সকল প্রকার ভ্যাট এবং ট্যাক্স, প্রাথমিক খরচসহ পূর্ণাঙ্গ টেন্ডার দর দাখিল করতে হবে।

২২। ঠিকাদার প্রতি পৃষ্ঠায় অবশ্যই স্বাক্ষর করবেন।

২৩। কাজ সম্পন্ন করার পর মোট টাকার উপর প্রচলিত আইনানুসারে মুসক এবং Advance Income Tax (AIT) কর্তন করা হবে।

‘আমি/আমরা উপরে উল্লেখিত চুক্তির যাবতীয় শর্তাবলী মেনে স্বাক্ষর করলাম।


মৌস্তফা কামাল
কমান্ডার বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

দরদাতার স্বাক্ষর ও সীল

পূর্ণ ঠিকানা

ফোন নং-----

মোবাইল নং-----

তারিখ-----

পুরাতন রেল লাইন সোজা করার কাজের বিবরণঃ

সূত্রঃ

ক। ডিইডব্লিউ/ডকিং সেকশন-৮৩/২০২৬ তারিখ ১৯ আগস্ট ২০২৬।

ক্রঃ নং	কাজের বিবরণ	একক	পরিমান	মোট মূল্য
	অত্র প্রতিষ্ঠানে ডকিং সেকশনের আওতাধীন পুরাতন রেল লাইন সোজা করে ব্যবহার উপযোগী করার কাজঃ			
১	Curved Line Size (As per Attached List)	ফুট	৬১৭'.৬"	
	ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা			

কথায়ঃ

সংযুক্তঃ

ক। পুরাতন রেল লাইন এর বিবরণ ০১ (এক) পাতা।

দরপত্র কমিটির স্বাক্ষর

বাণিজ্যিক শাখা

হিসাব রক্ষণ শাখা

ব্যবহারকারী


আমরা সমস্ত শর্তাবলী মেনে নিলাম।

ঠিকাদারের সাক্ষর

ভ্যাট নিবন্ধন নং-


এরিয়া কোড নং-

টিআইএন নং-


মোস্তফা কামাল
কমান্ডার বিএন
ডিজিএম (এডমিন)
ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌ বাহিনী, দারায়গঞ্জ।

DOCKING SECTION PORTABLE RAIL LINE SURVEY

S.L NO	Straight Line Size	Curved Line Size	REMARK
1.	27'.4"	20'.3"	
2.	23'.10"	42'	
3.	21'	19'.6"	
4.	26'.5"	36'	
5.	19'.10"	24'	
6.	25'.11"	28'.7"	
7.	18'.9"	36'	
8.	18'.9"	36'	
9.	16'.4"	36'	
10.	28'	30'	
11.	18'	23'	
12.	36'	31'	
13.	18'.8"	21'.4"	
14.	36'	29'.8"	
15.	36'	14'.8"	
16.	25'	10'	
17.	21'.4"	17'	
18.	29'	21'.8"	
19.	36'	25'	
20.	28'.2"	18'	
21.	36'	14'	
22.	27'.5"	40'	
23.	17'	16'	
24.	10'	13'	
25.	21'.4"	15'	
26.	27'		
27.	29'		
28.	37'.6"		
29.	17'.9"		
30.	11'.9"		
31.	7'.5"		
32.	17'.9"		
33.	5'.4"		
34.	8'		
35.	10'		
36.	8'		
37.	14'		
38.	14'		
Total = 829'.5"		Total = 617'.6" ----	Grand Total = 1447'.11"


 মোস্তফা কামাল
 কমান্ডার বিএন
 ডিভিএম (এডমিন)
 ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
 বাংলাদেশ নৌ বাহিনী, নারায়ণগঞ্জ।